মেহেরপুরে পুলিশের অভিযানে ৭ জন গ্রেফতার

মেহেরপুরে অভিযান চালিয়ে বিভিন্ন মামলায় আদালতের পরোয়ানাভূক্ত ৭ জন আসামীকে গ্রেফতার করেছে পুলিশ।
গ্রেফতারকৃত আসামীদের মধ্যে জিআর মামলার ৩ জন, সিআর মামলার ১ জন ও মামলা খারিজের রিকলের আসামী ৩ জন রয়েছে।
মেহেরপুর সদর থানা পুলিশ অভিযান চালিয়ে আদালতের পরোয়ানাভূক্ত এই ৪ জন আসামীকে গ্রেফতার করে। একই সময়ে সদর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইনে একটি মামলা হয়েছে। এছাড়া গাংনী ও মুজিবনগর থানা পুলিশ রিকলের আসামীদের আটক করেন।
মেহেরপুর পুলিশ সুপারের কন্ট্রোল রুম এ তথ্য নিশ্চিত করেছেন। বুধবার দিবাগত রাতে মেহেরপুর সদর থানা পুলিশ অভিযান চালিয়ে এ আসামীদের গ্রেফতার করে।
সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শাহ দারা খানের নেতৃত্বে পুলিশের পৃথক টীম অভিযানে অংশ নেন।
আজ বৃহস্পতিবার (২৬ মে) সকালের দিকে গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।